

- ২। সত্য ত্রেতা, দ্বাপর, কলি, এই চারি যুগ যারে বলি,  
শেষ যুগের অবতারটি আমার গুরুচাঁদ উদয় ।  
গুরুচাঁদের আলো যার গায় লেগেছে  
সে যে হরি-প্রেমে সাঁতার খেলায় ॥
- ৩। গোপালচাঁদ আর বিপিনচন্দ্র, তারাই জানে প্রেমের সন্দ,  
চাঁদ নিয়ে খেলায় ।  
সে চাঁদ সবার ভাগ্যে দয় হ'ল বাতাস লাগল না  
কাঙ্গালের উদ্ধবের গায় ॥  
—উদ্ধব



৬৬ নং

তাল—একতালা

- গুরুচাঁদ বাবা, কোথায় রইলে দয়াল ধন ।  
বাবা তোমাকে না হেরিলে, কি হবে বাঁচিয়ে,  
এ ছাড় জীবনে কিবা প্রয়োজন ॥
- ১। বাঁবা কোথায় গেলে তোমায় পা'ব  
তোমায় দেখে প্রাণ জুড়া'ব গো—  
আমার সকল জ্বালা হবে নিবারণ ।  
আমার প্রেম ভক্তি থাক্ত যদি, দেখা দিতে নিরবধি,  
হৃদয় মাঝে করতে বিচরণ ॥
- ২। সুকর্ম করিতাম যদি, তোমায় হারাতেম না গুণনিধি গো—  
এ দশা মোর হোত না কখন ।